

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৬৭

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ১০৭. হায়িযগ্রস্ত স্ত্রীর সাথে মেলামেশা করা

بَابِ مُبَاشَرَةِ الْحَائِضِ

## আরবী

أَخْبَرَنَا خَالِدٌ حَدَّثَنَا مَالِكٌ عَنْ نَافِعٍ قَالَ أَرْسَلَ عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ إِلَى عَائِشَةَ لِيَسْأَلَهَا هَلْ يُبَاشِرُ الرَّجُلُ امْرَأَتَهُ وَهِيَ حَائِضٌ فَقَالَتْ لِتَشُدَّ إِزَارَهَا عَلَى أَسْفَلِهَا ثُمَّ يُبَاشِرُهَا يُبَاشِرُهَا

## বাংলা

১০৬৭. মালিক রাহি. থেকে বর্ণিত, নাফি' রাহি. বলেন, (আব্দুল্লাহ ইবনু) আব্দুল্লাহ ইবনু উমার এক ব্যক্তিকে আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার নিকট এ কথা জিজ্ঞেস করতে পাঠালেন যে, হায়িয় অবস্থায় কোনো লোক তার স্ত্রীর সাথে মেলামেশা করতে পারবে কি? তখন তিনি বললেন: তার নিচের অংশে ইযার (নিমাংশের পরিধেয় কাপড়) শক্ত করে বেঁধে নেবে, অতঃপর স্বামী তার সাথে মেলামেশা করিবে।[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: এর রাবীগণ নির্ভরযোগ্য।

তাখরীজ: মালিক তাহারাত ৯৭; বাইহাকী ৭/১৯০-১৯১; আব্দুর রাযযাক নং ১২৪১।

আয়িশা ও মায়মুনাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা হতে বুখারী মুসলিমে বর্ণিত হয়েছে কোনো ব্যক্তির জিজ্ঞাসার জবাবে, যে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের সাথে কেমন আচরণ করতেন তাদের হায়িয অবস্থায়। পরবর্তী হাদীসটিও দেখুন। আরও দেখুন, ইবনু আবী শাইবা ৪/২৫৪, ২৫৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন